দৈনিক ইনকিলাব

তারিখ ... 17 OCT 1991
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৪

৪

## প্রেসিডেন্ট সকাশে শিক্ষক প্রতিনিধি দল

॥ইনকিলাব রিপোর্ট॥

বাংলাদেশ জমিয়াতুল মোদারেছীন-এর সভাপতি মাওলানা এম. এ মান্নান ও মোদারেছীন সদস্যবৃন্দ এবং অন্যান্য শিক্ষক, সংগঠনের নেতৃবৃন্দ ও সদস্যবৃন্দসহ মোট ৬০ সদস্যের এক প্রতিনিধি দল গতকাল বিকেলে প্রেসিডেন্ট আবদুর রহমান বিশ্বাসের সাথে তার বাসভবনে সাক্ষাৎ করেন। তারা তাকে গণতান্ত্রিকভাবে প্রেসিডেন্ট নির্বাচিত হওয়ায় অভিনন্দন জানান এবং মাল্যভূষিত করেন।

শেষ পৃঃ ৮-এর কঃ দেখুন

## শিক্ষক প্রতিনিধি দল

প্রথম পৃষ্ঠার পর

শিক্ষকদের পক্ষ থেকে মাওলানা এম এ মান্নান মহামান্য প্রেসিডেন্টকে অভিনন্দন জানান।

প্রেসিডেন্ট আবদুর রহমান বিশ্বাস শিক্ষা বিস্তারে শিক্ষকদের অবদানের কথা স্মরণ করেন।

অন্য যেসব সংগঠনের নেতৃবর্গ প্রেসিডেন্টকে অভিনন্দন জানাতে যান তারা হচ্ছেন ঃ

বাংলাদেশ অধ্যক্ষ পরিষদের সভাপতি আলহাজ্জ অধ্যক্ষ মোকাররম হুসাইন, সেক্রেটারী জেনারেল আলহাজ্জ অধ্যক্ষ তোফায়েল আহমদ চৌধুরী, ভিকারুন্নেছা কলেজের অধ্যক্ষা হামিদা আলী ও পরিষদের যুগ্ম মহাসচিব আলহাজ্জ অধ্যক্ষ আঃ রাজ্জাক ও সদস্যবৃন্দ।

বাংলাদেশ বেসরকারী কলেজ শিক্ষক সমিতির সভাপতি আলহাজ্জ অধ্যক্ষ মুনির আহমদ, মহাসচিব অধ্যাপক মোহাম্মদ আবুল কাশেম।

বাংলাদেশ সরকারী কলেজ শিক্ষক পরিষদের সভাপতি অধ্যক্ষ মোয়াজ্জম হোসেন খান ও মহাসচিব জনাব আলী আকবর ও সদস্যবৃন্দ।

বাংলাদেশ সরকারী মাধ্যমিক শিক্ষক সমিতির সভাপতি ডঃ সৈয়দ আহমদ, মহাসচিব জনাব মাওলানা নজরুল ইসলাম ও সদস্যবৃন্দ এবং বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি আলহাজ্জ নুরুল্লাহ, ভারপ্রাপ্ত মহাসচিব মিসেস হাজেরা বেগম ও সদস্যবৃন্দ।